



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন Dhaka North City Corporation



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.১০.০০০০.০০৫.৪৫.০৭৪.২০- ৬৮

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৭
৮৮ ফেব্রুয়ারি ২০২১

অফিস আদেশ

জনাব সৈয়দ কুদরত উল্লাহ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে ভারপ্রাপ্ত দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। অবিভক্ত ঢাকা সিটি কর্পোরেশনে কে পি আই নীতিমালা ভঙ্গ করে বিশেষ শ্রেণীর কে পি আই বঙ্গভবনের নিরাপত্তার জন্য হমকিস্বরূপ সান-মুন-স্টার টাওয়ার নির্মাণে তৎকালীন নির্বাহী প্রকৌশলী ও পরবর্তীতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে তিনি কর্মরত ছিলেন। প্রথমে ৩০/০৪/২০০৩ থেকে ০৭/১২/২০০৫ এবং পুনরায় ২৭/০৬/২০০৭ থেকে ০৫/০৬/২০০৮ খ্রি: পর্যন্ত আলোচ্য ভবন নির্মাণ সংক্রান্ত কার্যক্রমে প্রথম থেকেই তিনি কর্মরত ছিলেন। তিনি জমির হস্তান্তর ও দখল গ্রহণ, কেপিআইডিসিসহ অন্যান্য দপ্তরের অনুমতি প্রার্থনা, অনুমতি ব্যতিরেকেই ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ, প্রাইভেট সেক্টরের পরিবর্তে নিজস্ব অর্থায়নে মোট ০৫ (পাঁচ) টি ফ্লোর (বেইজমেন্ট ফ্লোর ০২ (দুই) টি ও গ্রাউন্ড ফ্লোরসহ আরও ০৩ (তিন) তলা নির্মাণ, আর্থিক ও প্রশাসনিক ও কারিগরি অনুমতি প্রদান করেন ও বিল পরিশোধ করেন। এছাড়াও তিনি ৪র্থ তলা থেকে ২৩ তলা ডেভেলপার এর মাধ্যমে নির্মাণসহ টেন্ডার আহ্বান কর্মকাণ্ডে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালন করেছেন। পিপিআর অনুযায়ী ক্রয় পরিকল্পনা না করা, মূল ড্রয়িং অনুমোদনের পূর্বেই ঠিকাদারকে কার্যাদেশ দেয়া, ১ম বিল পরিশোধকালে ড্রয়িং ডিজাইন অনুমোদন করা, two Stage পদ্ধতি avoid করা, টেন্ডার স্প্লিট করা, ০৪ তলা থেকে ২৩ তলা পর্যন্ত নির্মাণে বেসরকারী ডেভেলপার কেন্দ্রিক Tender Float ও পরবর্তী তা বাতিল জনিত কারণে রীট মামলা তাঁর দায়িত্বকালে সংঘটিত হয়। স্থানীয় সরকার বিভাগের গত ২২/১২/২০১৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৩০.২০১৪-১১৯৪ সংখ্যক স্মারকের মর্মানুযায়ী উক্ত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

২.০ ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ১৯৮৯ এর ৩৯ (ক), (খ), (ঘ) ও (ঙ) উপ-ধারা মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতির দায়ে গত ০৭/০৬/২০১৬ তারিখে ৪৬.২০৭.০১১.০৩.০২.৪১৪৪.১৯৯৩-(৮১১) সংখ্যক স্মারকে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হয়।

৩.০ বিগত ০৩/০২/২০১৯ খ্রি: তারিখের ৪৬.২০৭.০০০.০৩.০২/০১.২০১৬.১০ নম্বর আদেশে জনাব মো: আমিনুল ইসলাম (যুগ্মসচিব), প্রধান সম্পত্তি কর্মকর্তাকে আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। জনাব সৈয়দ কুদরত উল্লাহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ তথ্য নির্ভর এবং সঠিক নয় মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করেছেন। উল্লেখ্য যে, ডিএনসিসি'র ২৭ মে ২০১৯ তারিখের ৪৬.১০.০০০০.০০৫.৪৫.১৯৩.১৮-২১৬ নম্বর আদেশে তাঁকে ০১/০৫/২০১৯ খ্রি: তারিখ থেকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের চাকরি হতে অবসর প্রদান করা হয়।

৪.০ এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে জনাব সৈয়দ কুদরত উল্লাহ কে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

৫.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মো: সেলিম রেজা

প্রধান নির্বাহী কর্মকর্তা

ফোন নং- ৪৮৮১১৩৩৩

ceo@dncc.gov.bd

পাতা ১/২

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
Dhaka North City Corporation



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

অনুলিপি : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ)

১. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. জনাব সৈয়দ কুদরত উল্লাহ, সাবেক অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) (বর্তমানে অবসর প্রাপ্ত), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তঁর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সহকারী সচিব, সংস্থাপন শাখা-২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সচিব এর অবগতির জন্য তঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. অফিস কপি।